শেখ হাসিনার উদ্যোগ

# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিকপল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

মরিচাল, হুলারহাট, পিরোজপুর।

টেলিফোন নং- ৬২৩৯৭ ও ৬২২৭৮, ফ্যাক্স নং-৬৩৪৩৩, ইমেল নং- gmppbs @yahoo.com.

স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২২. ৬৯৭৬ তারিখঃ ২৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

## "নিলাম বিজ্ঞপ্তি"

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর পুরাতন/ব্যবহার অযোগ্য বিদ্যুৎ বিলের ২য় কপি ও অন্যান্য কাগজপত্র এবং ০১ টি পিকআপ গাড়ী "যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়" নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিডিউলে বর্ণিত বিবরণ অনুযায়ী আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| দরপত্র নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমান (কেজি) | নিলাম দরপত্র দলিল মূল্য (টাকা) | নিলাম দরপত্রের জামানত (টাকা) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহন ও খোলার সময় সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহন | খোলা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭০/২২-২৩ | পুরাতন বিদ্যুৎ বিলের কাগজপত্রাদি "যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়" | ৭,৫০০ কেজি | ১,০০০.০০ (এক হাজার) | দাখিলকৃত মোট দরের ২৫% | ১৩-০৪-২০২৩খ্রিঃ হতে ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত (শর্তাবলীর ১নং ক্রমিকে বর্ণিত স্থান) | ০৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত (শর্তাবলীর ৩নং ক্রমিকে বর্ণিত স্থান) | ০৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় (দরপত্র গ্রহনের স্থানে) (শর্তাবলীর ৩নং ক্রমিকে বর্ণিত স্থান) |
| ৭১/২২-২৩ | পবিসের ব্যবহার অনুপযোগী পিকআপ গাড়ী- পিরোজপুর ঠ-১১-০০১৪ ইঞ্জিন নং-22LE-25017689 চেসিস নং-JAATFS30H37100113 | ০১ টি | ১,০০০.০০ (এক হাজার) | | | | |

### শর্তাবলী ঃ

১। আগ্রহী দরদাতাগণ পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০০.০০ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে সাদা কাগজে/নিজস্ব হেডপ্যাডে আবেদনের মাধ্যমে (ক) পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর এর সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তর হতে উল্লেখিত তারিখ পর্যন্ত নিলাম দরপত্র সংগ্রহ করতে পারবেন। ডাক বা কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

২। দরদাতাকে জেনারেল ম্যানেজার পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে মোট উদ্ধৃত মূল্যের উপর ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিরাপত্তা জামানত হিসাবে নিলাম দরপত্রের সাথে সংযুক্ত করে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্রসমূহ গ্রহনযোগ্য হিসাবে বিবেচিত হবে না।

৩। আগ্রহী দরদাতাগণ আগামী ০৩-০৫-২০২৩.খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত সীলগালা যুক্ত খামে নিলামদরপত্র সমূহ (ক) পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর বরাবরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, সদর দপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। ডাক যোগে বা কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহন করা হবে না। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৪। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী (ক) পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর এবং (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তর এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৫। দরপত্র গ্রহণ ও খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহন/খোলা হবে।

৬। নিলাম দরপত্রে উল্লেখিত মালামালের একক মূল্য ও মোট মূল্য আলাদাভাবে উল্লেখ করে দর দাখিল করতে হবে। আংশিক দরপত্র দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৭। দরদাতাগণ সিডিউলে উল্লেখিত প্রত্যেক দরপত্রের ( পুরাতন কাগজ ও পিকআপ গাড়ী) আলাদা আলাদা দর দাখিল করতে পারবেন। প্রত্যেক দরপত্রের জন্য রেসপনসিভ সর্বোচ্চ দরদাতাকে বিক্রয় আদেশ প্রদান করা হবে।

৮। মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় গ্রহন করতে হবে। সেক্ষেত্রে কোন ওজোর আপত্তি করা যাবে না।

৯। বিক্রয় আদেশ প্রাপ্তি হলে মালামাল গ্রহণের সময় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে। এক্ষেত্রে কোন পেশি শক্তি বা বেশি লোকবল সমাগম করা যাবে না।

১০। কনডেম ঘোষিত মালামালসমূহ পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হলারহাট, পিরোজপুর এর সদর দপ্তরে আগামী ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখ (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিদর্শন করা যাবে।

১১। খামের উপর " পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির পুরাতন/ব্যবহারর অযোগ্য কাগজপত্রাদি ও ১টি পিকআপ গাড়ী এর নিলাম দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে।

১২। দাখিলকৃত দরপত্রসমূহ মূল্যায়নের পর রেসপনসিভ সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত নগদায়নের পর মালামালসমূহ হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রের দাখিলকৃত মোট মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক উৎসে কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে "পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির" অনুকূলে পরিশোধ করলে তা সমিতি কর্তৃক নগদায়নপূর্বক কার্যাদেশ প্রদানের মাধ্যমে মালামালসমূহ সরবরাহ করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিলাম মালামাল সমূহ গ্রহন করতে হবে।

১৩। অত্র পবিসের কোন কর্মকর্তা/কর্মচারী এবং এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

১৪। বিক্রয় আদেশে বর্ণিত সময়ের মধ্যে মালামালসমূহ গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। অকৃতকার্য নিলাম দরদাতাদের নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরৎ প্রদান করা হবে।

১৬। কর্তৃপক্ষের নিকট রক্ষিত নির্ধারিত সর্বনিম্ন প্রাক্কলিত মূল্যের নিচে কোন নিলাম দরপত্র বিচেনা করা হবে না।

১৭। পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতাসহ পুন: দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষণ করবে।

১৮। উল্লেখ্য যে, নিলাম বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে মোবাইল নং- ০১৭৬৯-৪০০৭২২ এ যোগাযোগ করা যেতে পারে।

১৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১১-০৪-২৩

(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ- (সদয় অবগতি ও আপনার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল) ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- সদয় অবগতি ও ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে।
০৩। জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার --------------------- পবিস- ১/ ২/ ৩/৪ ।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, পিরোজপুর।।
০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি/গণপূর্ত, পিরোজপুর।।
০৯। ডিজিএম, সকল জোনাল অফিস, পিরোজপুর পবিস।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, পিরোজপুর (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধসহ)।
১১। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/আইটি),পিরোজপুর পবিস।
১২। মেসার্স------------------------------------------------------------------।
১৩। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৪। ওয়েব সাইট : www.pbs.pirojpur.gov.bd
১৫। অফিস কপি/ মাষ্টার কপি।

১১-০৪-২৩

(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।